**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ৮ নভেম্বর ২০১৬, ২৪ কার্তিক ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি আরও ৬৪ উপজেলায় সম্প্রসারণের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

২। মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে জাতীয় জৈব কৃষিনীতির খসড়া অনুমোদন

৩। ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের ঘটনায় প্রকৃত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি হবে
: প্রধানমন্ত্রীর কঠোর নির্দেশ

৪। স্বরাষ্ট্রমন্ত্রী আজ ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি ও মন্দির পরিদর্শন করতে যাচ্ছেন

৫। শিশু নির্যাতন প্রতিরোধে সবাইকে এগিয়ে আসতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

৬। যুক্তরাষ্ট্রের উচিত খুনি রাশেদ চৌধুরীকে ফেরত পাঠানো : সজীব ওয়াজেদ জয়

৭। যে দলই জয়ী হোক বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি বদল হবে না : মার্কিন রাষ্ট্রদূত

৮। চারটি বেসরকারি মেডিকেল কলেজ এ বছর শিক্ষার্থী ভর্তি করতে পারবে না

৯। ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে ক্ষতিগ্রস্তদের মাঝে টিন ও টাকা বিতরণ

১০। আয়কর মেলায় সাত বছরের মধ্যে সর্বোচ্চ রাজস্ব আদায়

১১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন না এমপিরা
: হাইকোর্টের রায় আপিলে বহাল

চলমান পাতা-২

১। **ন্যাশনাল সার্ভিস কর্মসূচি আরও ৬৪ উপজেলায় সম্প্রসারণের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

বেকার তরুণ-তরুণীদের প্রশিক্ষণের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থানে দেশের আরও ৬৪ উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সম্প্রসারণের প্রস্তাব অনুমোদন করেছে সরকার। এ ছাড়া 'পল্লি সঞ্চয় ব্যাংক (সংশোধন) অধ্যাদেশ, ২০১৬' এবং 'জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড আইন ২০১৬' এর খসড়ার অনুমোদন দেওয়া হয়। গতকাল ৭ নভেম্বর সোমবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এসব অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**ইত্তেফাক, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে জাতীয় জৈব কৃষিনীতির খসড়া অনুমোদন**

মাটির গুণাগুণ ও কৃষি পরিবেশ রক্ষায় 'জাতীয় জৈব কৃষিনীতি, ২০১৬' এর খসড়া অনুমোদন দিয়েছে সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৭ নভেম্বর সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৩। **ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের ঘটনায় প্রকৃত দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি হবে : প্রধানমন্ত্রীর কঠোর নির্দেশ**

ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরের ঘটনায় প্রকৃত দোষীদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ৭ নভেম্বর সোমবার মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় তিনি এ নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৪। **স্বরাষ্ট্রমন্ত্রী আজ ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি ও মন্দির পরিদর্শন করতে যাচ্ছেন**

ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি ও মন্দির পরিদর্শনে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ ব্রাহ্মণবাড়িয়া যাচ্ছে। এতে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী ড. বীরেন শিকদার, পুলিশের আইজি এ কে এম শহীদুল হক ও রামকৃষ্ণ মিশনের প্রধানসহ বিভিন্ন সংগঠনের হিন্দু নেতারা থাকবেন। এ ব্যাপারে গতকাল ৭ নভেম্বর সোমবার সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, ব্রাহ্মণবাড়িয়ার ঘটনাটি একটি অনাকাঙ্খিত ঘটনা। এই ঘটনাটি সরকারের উচ্চ পর্যায় থেকে পর্যবেক্ষণ করা হচ্ছে। তদন্তের মাধ্যমে এই ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে অবশ্যই আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৫। **শিশু নির্যাতন প্রতিরোধে সবাইকে এগিয়ে আসতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সমাজের সকল শ্রেণি-পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। গতকাল ৭ নভেম্বর সোমবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে 'শিশু ইনজুরি প্রতিরোধে করণীয়' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান। শিশু ইনজুরি প্রতিরোধ কার্যক্রম, নীতি-নির্ধারণ ও প্রয়োগের উদ্দেশ্যে সিআইপিআরবি এই গোলটেবিল বৈঠকের আয়োজন করে। মন্ত্রী বলেন, শিশু নির্যাতন প্রতিরোধ নিয়ে কোনো রাজনীতি করা যাবে না। এই বিষয়টি মানবিক দৃষ্টি দিয়ে দেখতে হবে। শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিরোধ গড়তে সবাইকে এগিয়ে আসতে এবং সামাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৭)।

৬। **যুক্তরাষ্ট্রের উচিত খুনি রাশেদ চৌধুরীকে ফেরত পাঠানো : সজীব ওয়াজেদ জয়**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় ফাঁসির দণ্ড পাওয়া রাশেদ চৌধুরীকে যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশে ফেরত পাঠানোর দাবি জানিয়েছেন। গতকাল ৭ নভেম্বর সোমবার যুক্তরাষ্ট্রের প্রভাবশালী পত্রিকা নিউইয়র্ক টাইমসে এক নিবন্ধে তিনি এ দাবি জানান। তিনি তার লেখায় **১৯৭৫** সালের **১৫** আগস্ট বঙ্গবন্ধুর সপরিবারে হত্যার বিয়োগান্তক ঘটনা তুলে ধরে বলেন, এ হত্যাকাণ্ডের ৪০ বছরের বেশি সময় ধরে রাশেদ চৌধুরী যুক্তরাষ্ট্রে বসবাস করছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৭। যে দলই জয়ী হোক বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি বদল হবে না : মার্কিন রাষ্ট্রদূত**

মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট বলেছেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে যে দলই জয়ী হোক তাতে বাংলাদেশের সঙ্গে দেশটির সম্পর্কের কোনো পরিবর্তন হবে না। তিনি বলেন যুক্তরাষ্ট্রে সরকার পরিবর্তন হলেও বাংলাদেশের সঙ্গে পররাষ্ট্রনীতির কোনো পরিবর্তন হবে না। গতকাল ৭ নভেম্বর সোমবার রাজধানীর বনানীতে সেতু ভবনে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরের সঙ্গে সাক্ষাত শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

**৮। চারটি বেসরকারি মেডিকেল কলেজ এ বছর শিক্ষার্থী ভর্তি করতে পারবে না**

বেসরকারি মেডিকেল কলেজ নীতিমালার শর্ত পূরণ না করে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়া চারটি মেডিকেল কলেজ আসন্ন ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নতুন শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। আগামী এক বছরের মধ্যে শর্ত সমূহ পূরণ করতে না পারলে কলেজের কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে। এ বছরের জন্য ছাত্রছাত্রী ভর্তি কার্যক্রম বন্ধ করে দেওয়া কলেজগুলো হলো রংপুরের নর্দার্ন মেডিকেল কলেজ, গাজীপুরের সিটি মেডিকেল কলেজ, আশুলিয়ার নাইটিঙ্গেল মেডিকেল কলেজ এবং আশিয়ান মেডিকেল কলেজ। গতকাল ৭ নভেম্বর সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল কলেজে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সংক্রান্ত এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**৯। ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে ক্ষতিগ্রস্তদের মাঝে টিন ও টাকা বিতরণ**

ব্রাহ্মণবাড়িয়া নাসিরনগরে সংখ্যালঘুদের মন্দির ও বাড়িঘরে হামলা ও লুটপাটের ঘটনায় ক্ষতিগ্রস্তদের মাঝে নগদ টাকা ও ঢেউটিন বিতরণ করেছে জেলা প্রশাসন। গতকাল ৭ নভেম্বর সোমবার বেলা ১১টার সময় জেলা প্রশাসক মো. রেজওয়ানুর রহমান ক্ষতিগ্রস্ত ৫১টি পরিবারের মধ্যে নগদ টাকা ও টিন বিতরণ করেন। এদিকে হামলা-ভাঙচুরের ঘটনায় আরও ২১ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গত ৬ নভেম্বর রোববার রাত থেকে গতকাল ৭ নভেম্বর সোমবার সকাল পর্যন্ত উপজেলার বিভিন্ন স্থান থেকে তাদের গ্রেফতার করা হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১০। আয়কর মেলায় সাত বছরের মধ্যে সর্বোচ্চ রাজস্ব আদায়**

গত সাত বছরের মধ্যে সর্বোচ্চ রাজস্ব আদায় ও রিটার্ন দাখিলের মধ্য দিয়ে শেষ হলো সপ্তম জাতীয় আয়কর মেলা। ২১২৯ কোটি ৬৭ লাখ ৭৫ হাজার টাকা আয়কর সংগ্রহ ও এক লাখ ৯৪ হাজার ৫৯৮ টি রিটার্ন দাখিল হয়েছে এ মেলায়। নতুন করদাতা হিসেবে নিবন্ধিত হয়েছেন ৩৬ হাজার করদাতা। উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে এবার এ মেলায় অন্য যে কোনো বছরের চেয়ে বেশি করদাতার উপস্থিতি লক্ষ্য করা যায়। গত সপ্তাহের মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে নির্মাণাধীন রাজস্ব ভবনে কেন্দ্রীয় মেলা শুরু হয়েছিল। একই সঙ্গে চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, বরিশাল, খুলনা, রংপুর ও সিলেটে চলে সাত দিনের এ মেলা। এছাড়া জেলা শহরগুলোতে ৪ দিন, ২৯ উপজেলায় ২ দিন এবং ৫৭ উপজেলায় ১ দিনের ভ্রাম্যমাণ আয়কর মেলা অনুষ্ঠিত হয়। মেলার শেষ দিনে রাজধানী ঢাকাসহ দেশের ১৩টি জেলা, ৩১টি উপজেলাসহ মোট ৪৪টি স্পটে আয়কর মেলা অনুষ্ঠিত হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**১১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন না এমপিরা : হাইকোর্টের রায় আপিলে বহাল**

সংসদ সদস্যদের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি মনোনীত হওয়ার বিধান বাতিল করে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন আপিল বিভাগ। এই রায়ের বিরুদ্ধে সরকারপক্ষ ও ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষের করা আবেদন খারিজ করে প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন চার বিচারপতির বেঞ্চ গতকাল ৭ নভেম্বর সোমবার এ আদেশ দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সারাদেশে ২০ হাজার প্রাথমিক বিদ্যালয় ভবনের জরাজীর্ণ অবস্থার চিত্র তুলে ধরে এসব স্কুল ভবনের নির্মাণ ও সংস্কার কাজের তদারকিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও নির্মাণ কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় থাকার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ** : কুইক রেন্টালের মেয়াদ বৃদ্ধি ও সংখ্যা বাড়লে রাষ্ট্রের ভর্তুকিও বাড়বে, সেজন্য কুইক রেন্টাল নির্ভরতা কমাতে বিকল্প পথ অবলম্বন করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ** : ব্র্যাকের সাম্প্রতিক জরিপের বিশ্লেষণে দেখা যায় বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠী ন্যায়বিচার পাচ্ছে। সেজন্য ব্র্যাকের মতো অন্যান্য বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহকে মানবাধিকার ও আইনি সহায়তায় এগিয়ে আসার আহ্বান।

ঘ. **প্রথম আলো, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, অবজারভার** : হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ছুরি নিয়ে হামলার ঘটনায় বিমানবন্দরের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে শংকা ও উদ্বেগ বেড়ে যাওয়ায় নিরাপত্তা ব্যবস্থার ত্রুটি দূর করে নিরাপত্তা জোরদার করার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন** : ক্রসফায়ারে গত নয় দিনে **১৩** জনের মৃত্যু হওয়ায় বিচারবহির্ভূত হত্যাকাণ্ড রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশ থেকে সন্ত্রাসী কর্মকান্ড নির্মূল না হওয়া পর্যন্ত সন্ত্রাস বিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

ছ. **ডেইলি স্টার** : ঢাকা-চট্টগ্রাম আট লেনের মহাসড়ক অবৈধ দোকান ও গাড়িপার্কিংয়ের কারণে চার লেনে হয়ে পড়ায় কর্তৃপক্ষকে অবৈধ দখলদারদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা জোরদার করে সড়ক দখলমুক্ত করার সুপারিশ।

জ. **নিউ এজ** : জমি দখলমুক্ত করতে গিয়ে সংঘর্ষে গাইবান্ধার গোবিন্দগঞ্জের রংপুর চিনিকলের সাঁওতাল শ্রমিক নিহত হওয়ায় সরকারকে জমিদখলমুক্ত করার আগে সাঁওতালদের যথাযথ পুনর্বাসনের ব্যবস্থা করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে যদি সন্ত্রাসমুক্ত পরিবেশে নগরায়ন, শিল্পায়ন, তরুণ জনশক্তির সমন্বয় ঘটানোর স্বার্থে গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখা যায়, তাহলে বাংলাদেশের উন্নয়নের গতি ঠেকিয়ে রাখা যাবে না বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রবীণদের প্রতি আমাদের করণীয়'** শিরোনামের নিবন্ধে কামরুন নাহার মুকুল আজকের তরুণরাই আগামী দিনের প্রবীণ, ভালবাসা ও আনন্দ-বেদনার মাঝে প্রবীণরা পরিবারেই বসবাস করতে চায় সেজন্য বৃদ্ধাশ্রম নয়, পরিবারই হোক প্রবীণদের আপন ঠিকানা বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা